

তারিখ: ১১-০২-২০২০ খ্রি:

প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু চেয়ার র এবং বঙ্গবন্ধু - পিয়ারে ট্রুডো কৃষি প্রযুক্তি কেন্দ্র স্থাপনের লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

গতকাল (১০/০২/২০২০) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং কানাডার সেক্সাচুয়ান বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি এর মধ্যে কৃষিতে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতাসহ বঙ্গবন্ধু চেয়ার এবং বঙ্গবন্ধু - পিয়ারে ট্রুডো কৃষি প্রযুক্তি কেন্দ্র স্থাপনের লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়। সন্ধ্যা ৬:৩০ ঘটিকায় রাজধানীর হোটেল ইন্টার কন্টিনেন্টালে সমঝোতা স্মারক অনুষ্ঠানে বাংলাদেশের মাননীয় কৃষি মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি এবং কানাডার সেক্সাচুয়ান সরকারের মাননীয় কৃষি মন্ত্রী ডেভিড মেরিট সমঝোতা স্মারক অনুষ্ঠানে যথাক্রমে প্রধান অতিথি ও গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন। বিএআরসি'র পক্ষে নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার এবং জিআইএফএস- এর পক্ষে চিফ অপারেটিং অফিসার মিস্টার স্টিভ ভিসার সমঝোতা স্মারক স্বাক্ষর করেন।

উল্লেখ্য যে কৃষির বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতাসহ বিএআরসি এবং কানাডার জিআইএফএস- এ বঙ্গবন্ধু চেয়ার এবং বাংলাদেশে বঙ্গবন্ধু-পিয়ারে এলিয়ট ট্রুডো কৃষি প্রযুক্তি কেন্দ্র প্রতিষ্ঠার লক্ষ্যে সমঝোতা স্মারকটি স্বাক্ষর করা হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানের সময় মাননীয় কৃষি মন্ত্রী কৃষিতে বঙ্গবন্ধুর অবদান বিশেষভাবে স্বাধীনতার পরবর্তীতে সবুজ বিপ্লবে সূচনা এবং কৃষি উন্নয়নে বিভিন্ন সুদূর প্রসারী পরিকল্পনা ও গৃহীত পদক্ষেপের কথা উল্লেখ করে বলেন যে, তারই ধারাবাহিকতায় বাংলাদেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। আলুসহ কোন কোন ক্ষেত্রে অতিরিক্ত শস্য উৎপাদন হচ্ছে। কৃষি উন্নয়নে ফসল, মৎস্য-সম্পদ ও প্রাণিসম্পদ এর ক্ষেত্রে সাম্প্রতিক সাফল্যের কথা উল্লেখ করে মাননীয় কৃষি মন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন যে – বিএআরসি এবং জিআইএফএস, কানাডা এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের মাধ্যমে বাংলাদেশের কৃষি আরো এগিয়ে যাবে এবং এর ফলে টেকসই অভীষ্ট অর্জনে সহায়ক হবে।

কানাডার সেক্সাচুয়ান সরকারের কৃষি মন্ত্রী বলেন যে, কৃষি ক্ষেত্রে এই সমঝোতা স্মারকের মাধ্যমে বাংলাদেশ ও কানাডার দ্বিপাক্ষিক সম্পর্ক আরো বৃদ্ধি পাবে। জিআইএফএস এবং বিএআরসি- এর মধ্যে এই সমঝোতা স্মারকের মাধ্যমে আরো উন্নত কৃষি প্রযুক্তি উদ্ভাবিত হবে যার ফলে দেশের জনগণের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত হবে।

সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জনাব মোঃ নাসিরুজ্জামান, সচিব, কৃষি মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (আমিরিকাস) মিস ফেরদৌসী শাহারিয়ার, বাংলাদেশে কানাডা দূতাবাসের মাণ্যবর রাষ্ট্রদূত বেনোয়েট প্রিফোনটেইন এবং মিস্টার স্টিভ ভিসার, সিওও, জিআইএফএস, কানাডা। অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার স্বাগত বক্তব্য রাখেন এবং সমঝোতা স্মারকের স্বাক্ষরের বিষয়বস্তু এবং এর পটভূমি বিষয়ে মূল-প্রবন্ধ উপস্থাপন করেন।

উল্লেখ্য যে জিআইএফএস, কানাডা এর চিফ অপারেটিং অফিসার মিস্টার স্টিভ এর নেতৃত্বে ১৬ সদস্যের একটি প্রতিনিধি দল গত ৪/২/২০২০ তারিখে ঢাকায় অবস্থান করেন এবং সমঝোতা স্মারকের কর্মপরিকল্পনা নির্ধারণ বিষয়ে বিএআরসিসহ কৃষি মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা করেন।

উল্লেখ্য যে সভায় কৃষি মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, গবেষণা-সম্প্রসারণ প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, কানাডা দূতাবাস, ঢাকা এবং বাংলাদেশ দূতাবাস, কানাডা এবং ঢাকায় অবস্থিত সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থাসমূহের ১২০ জন কর্মকর্তা ও প্রতিনিধি উপস্থিত ছিলেন।

জনাব মোঃ মুস্তাফিজুর রহমান
প্রধান টেকনিক্যাল অফিসার
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
মোবাইল: ০১৭১৭-১৭১৯৮৬